# Times Today BD

শাহজাহান আলী বিপাশ | দেশজুড়ে | 29 April, 2025

বাংলাদেশ বিচার বিভাগ ও গণতন্ত্র ধ্বংসের মূল কারিগর সাবেক প্রধান বিচারপতি এবিএম খায়রুল হককে গ্রেফতার, বিচার এবং দূর্নীতিবাজ বিচারকদের অপসারণের দাবীতে ঝিনাইদহে বিক্ষোভ সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

মঙ্গলবার সকাল সাড়ে ১১টার দিকে বাংলাদেশ জাতীয়তাবাদী আইনজীবী ফোরাম ঝিনাইদহ ইউনিটের আয়োজনে এই বিক্ষোভ সমাবেশ অনুষ্ঠিত হয়।

সকালে আইনজীবীদের একটি প্রতিবাদ মিছিল জেলা জজ আদালত একং জেলা প্রশাসকের কার্যালয় প্রদক্ষিন শেষে ঝিনাইদহ জেলা আইনজীবী সমিতির সামনে এসে শেষ হয়।

এসময় মিছিল শেষে এক প্রতিবাদ সমাবেশে বক্তৃতা করেন জাতীয়তাবাদী আইনজীবী ফোরাম ঝিনাইদহ ইউনিটের সভাপতি এ্যাডভোকেট দবির হোসেন ও জেলা জজ আদালতের পিপি মশিউর রহমান। সমাবেশটি পরিচালনা ও সঞ্চালনা করেন জাতীয়তাবাদী আইনজীবী ফোরামের সাধারন সম্পাদক এ্যাডভোকেট জাকারিয়া মিলন।

সমাবেশে বক্তারা বলেন, বাংলাদেশ বিচার বিভাগ ও গণতন্ত্র ধ্বংসের মূল কারিগর সাবেক প্রধান বিচারপতি এবিএম খায়রুল হককে অবিলম্বে গ্রেফতার করতে হবে।সেই সাথে তাকে বিচারের কাঠগড়ায় দাঁড় করিয়ে সর্বোচ্চ শাস্তির ব্যবস্থা করতে হবে।একই সাথে সারাদেশের দূর্নীতিবাজ বিচারকদের অপসারণ করতে হবে। দেশের যে কোন আদালতের বিচারকের চেয়ারে স্বৈরাচারের দোসরদের আর দেখতে চায় না দেশবাসী।

বাংলাদেশ দূর্নীতিবাজ বিচারক গ্রেফতার জেলা আইনজীবী সমিতি

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 18 June, 2025 23:00

URL: https://timestodaybd.com/across-the-country/1614896476